

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الفصل الثالث

আরবী

وَعَنْ عُثْمَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ مَاتَ وَهُوَ يَعْلَمُ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ دَخَلَ الْجَنَّةَ» . رَوَاهُ مُسلم

বাংলা

৩৭-[৩৬] 'উসমান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি (খাঁটি মনে) এ বিশ্বাস নিয়ে মারা যাবে যে, ''আল্লাহ্ ছাড়া প্রকৃত কোন ইলাহ নেই'' সে অবশ্যই জান্নাতে যাবে। (মুসলিম)[1]

English

Chapter - Section 3

'Uthman b. 'Affan reported God's messenger as saying, "Whoever dies knowing that there is no god but God will enter paradise."

Muslim transmitted it.

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২৬, শু'আবুল ঈমান ৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَهُوَ يَعْلَمُ) হাদীসের এ অংশ দ্বারা মুরজিয়াদের বিশ্বাস, মুখে কালিমাহ্ শাহাদাত উচ্চারণকারী জান্নাতে যাবে যদিও অন্তরে সে তা বিশ্বাস না করে- প্রত্যাখ্যান করার ইঙ্গিত রয়েছে। কেননা অন্য বর্ণনায় রয়েছে غير



এর প্রতি কোন প্রকার সন্দেহ রাখে না। অতএব বুঝা গেল, সন্দেহযুক্ত সাক্ষ্য জান্নাতে যাওয়ার জন্য যথেষ্ট নয়।

আরো দলীল দেয়া হয় যে, মুখে শাহাদাতায়নের উচ্চারণ ছাড়া শুধুমাত্র অন্তরে মা'রিফাত অর্জনই যথেষ্ট। যেহেতু হাদীসে শুধু 'ইলম এর উল্লেখ রয়েছে। এ বিষয়ে আল জামা'আতের অভিমত হলো মা'রিফাত অর্জন শাহাদাতায়নের সাথে জড়িত। একটি অন্যটি ব্যতীত কাউকে জাহান্নাম থেকে নাজাত দিতে পারে না, তবে যে ব্যক্তি শাহাদাতায়ন মুখে উচ্চারণ করতে অক্ষম বা উচ্চারণ করার সময় পায়নি মৃত্যু এসে যাওয়ার কারণে তার কথা ভিন্ন।

এ হাদীসে ভিন্নমত পোষণকারীর কোন দলীল নেই। কারণ এ হাদীসের ব্যাখ্যা অন্য হাদীসে এসেছে, "যে ব্যক্তি আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই" এবং "যে ব্যক্তি সাক্ষ্য দেয় যে, আল্লাহ ছাড়া প্রকৃত আর কোন মা'বৃদ নেই এবং আমি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল"। এ রকম আরো অনেক হাদীস বর্ণিত হয়েছে শব্দের পার্থক্যসহ কিন্তু অর্থের মধ্যে রয়েছে সামঞ্জস্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন